

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.১১.০০.০০১.২০১৩-২১৯

তারিখ: ১১-০৯-২০১৮ খ্রি:


বিষয়: কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-সিবিএইচসি/ক:ক্রি:/প্রকি: প্লান-৮০/জিওবি/২০১৮-১৯/১১০০, তাং- ১৯-০৮-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ১৪টি প্যাকেজের বিপরীতে ৩১৫৮৩.৩৪ লক্ষ (তিনশত পনের কোটি তিরিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহ ক্রয়ের ক্ষেত্রে OTM (Open Tendering Method) অনুসরণ করতে হবে;
- (গ) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৪ হতে ৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হতে পণ্য ক্রয় করতে হবে;
- (ঘ) আরএফকিউ এর ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর তফসিল ২ এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম করা যাবে না;
- (ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (চ) ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করতে হবে;
- (ছ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (জ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঝ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঞ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংঘটিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।



(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
বিএমআরসি ভবন
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

\\192.168.0.134\d\Letter\LD.CBHC.doc